

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ৭ নভেম্বর, ২০১৮।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী

হতে : পরিচালক

বিষয় : সংস্থায় কর্মরত কর্মী এবং অঙ্গিকারকারীর জাতীয় পরিচয় পত্রের রজিষ্টার ফটোকপি সংস্থায় জমা দান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবন্দ,

আমাদের বিগত কয়েক মাসের অভিজ্ঞতায় দেখা গেছে যে, সংস্থায় কিছু কিছু কর্মী জন্ম নিবন্ধন জমা দিয়ে চাকুরিতে যোগদান করেছেন যা আমাদের নিয়োগ নীতিমালার পরিপন্থী। তাই সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. যে সকল কর্মীদের জন্মনিবন্ধন জমা নিয়ে চাকুরিতে যোগদান করানো হয়েছে নিম্নলিখিত ছকে তাদের তথ্য আগামী ২০ নভেম্বর, ২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক কেন্দ্রীয় মানব সম্পদ বিভাগে প্রেরণ করবেন।

ক্রম	কর্মীর নাম	পদবী	সংস্থায় যোগদানের তারিখ	বর্তমান কর্মস্থল
১	২	৩	৪	৫

২. জন্মনিবন্ধন জমা দিয়ে যিনি/যারা সংস্থায় চাকুরি করছেন তিনি/তারা তার/তাদের নিজের এবং অঙ্গিকারীর জাতীয় পরিচয় পত্রের রজিষ্টার ফটোকপি স্ব স্ব কার্যালয়ে আগামী ২৫ নভেম্বর, ২০১৮ তারিখের মধ্যে জমা দিতে হবে। উপরোক্ত তারিখে জমা দিতে ব্যর্থ হলে তিনি/তারা সংস্থায় চাকুরি করার যোগ্যতা হারাবেন এবং সে অনুযায়ী তাকে/তাদেরকে চাকুরিচ্যুত করা হবে।


৩. সকল জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসমূহ এলাকা ব্যবস্থাপক এর উপরের পদবীধারী (সংস্থায় যার চাকুরির বয়স ন্যূনতম ৫ বছর) স্বাক্ষর, তারিখ ও সিল দিয়ে সত্যায়িত করে (এর এক কপি করে ফটোকপি রেখে) কেন্দ্রীয় মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগে আগামী ২৫ নভেম্বর, ২০১৮ তারিখের মধ্যে আঞ্চলিক দলনেতা/আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী (যেখানে আঞ্চলিক দলনেতা নেই)/প্রকল্প সমন্বয়কারী পাঠানো নিশ্চিত করবেন।

৪. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং এর সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে নিম্নস্বাক্ষরকারীর নিকট যেকোন মাধ্যমে আগামী ২৫ নভেম্বর, ২০১৮ তারিখের মধ্যে জানানোর জন্য অনুরোধ করা হলো।

৫. এই সার্কুলারটি অফিস প্রধান তার শাখায়, প্রকল্প অফিসে, সিএফএমটিসিতে, সিএক্সএমটিসিতে, ইউরকে, আঞ্চলিক অফিসে ও প্রধান কার্যালয়ে আগামী দু'টি সভায় আলোচনা করবেন। এই সার্কুলারটি সকল কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নিবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে বুলিয়ে রাখবেন এবং ২৫ নভেম্বর, ২০১৮ তারিখের পরে নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

07.11.2018

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারি পরিচালক

অফিস কপি